**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।**
**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু লোক ভবনে ত্রিপুরা, মনিপুর ও মেঘালয়ের পূর্ণ রাজ্য দিবস অনুষ্ঠানের সূচনা করেন।**
**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ পূর্ণ রাজ্য দিবসের অনুষ্ঠানে রাজ্যের উন্নয়নের চিত্র তুলে ধরেন ।**
**(৪) ত্রিপুরা ও উত্তরাখণ্ডের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে।**

****************************************

**Statehood Day :**

আজ ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস। ১৯৭২ সালের ২১শে জানুয়ারি ত্রিপুরা, মেঘালয় ও মণিপুর পূর্ণরাজ্যের মর্যাদা লাভ করে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই তিন রাজ্যের জনগণকে প্রতিষ্ঠা দিবসের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন যে এই রাজ্যগুলি সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, প্রাণবন্ত ঐতিহ্য এবং অসাধারণ প্রাকৃতিক সৌন্দর্যের অধিকারী।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ শুভেচ্ছা বার্তায় বলেছেন যে এই রাজ্যগুলি তাদের সমৃদ্ধ সাংস্কৃতিক উত্তরাধিকার, অনন্য ঐতিহ্য, ভাষাগত বৈচিত্র্য এবং উদ্যোগী ব্যক্তিদের দিয়ে ভারতের কাঠামোকে শক্তিশালী করেছে। তিনি আশা প্রকাশ করেন যে এই প্রাণবন্ত রাজ্যগুলি অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি, সাংস্কৃতিক সমৃদ্ধি এবং সুস্থায়ী উন্নয়নের মাধ্যমে দেশের অগ্রগতিতে অবদান রাখবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পূর্ণরাজ্য দিবস উপলক্ষে ত্রিপুরার জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, ঐতিহ্য ও আধুনিকতার অসাধারণ সংমিশ্রণে ত্রিপুরার অগ্রযাত্রা চিহ্নিত হয়েছে। প্রধানমন্ত্রী তাঁর বার্তায় আগামী দিনে ত্রিপুরার উল্লেখযোগ্য সমৃদ্ধি কামনা করেন।

প্রধানমন্ত্রী বলেছেন যে মণিপুরী জনগণ দেশের অগ্রগতিকে সমৃদ্ধ করছেন।

প্রধানমন্ত্রী আরও বলেন যে, মেঘালয়ের জনগণ জাতির উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। শ্রী মোদী ভবিষ্যতে রাজ্যটি উন্নয়নের নতুন উচ্চতায় পৌঁছাবে।

*************************

**STATEHOOD DAY LOK BHAWAN :**

লোক ভবনে আজ ত্রিপুরা, মনিপুর ও মেঘালয়ের পূর্ন্যরাজ্য দিবস পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু অনুষ্ঠানের সূচনা করেন। তিনি আজকের দিনটিকে ঐতিহাসিক আখ্যা দিয়ে পূর্ণ রাজ্য দিবস পালনের তাৎপর্য ব্যাখ্যা করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে উত্তর পূর্বাঞ্চল বিকাশের পথে এগিয়ে চলেছে। রাজ্যপাল নেশামুক্ত যুব সমাজ গড়ার উপর জোর দেন।

#####Byte-Governor#####

রাজ্যপাল অনুষ্ঠানে উপস্থিত তিন রাজ্যের প্রতিনিধি ও ছাত্র ছাত্রীদের শুভেচ্ছা জানান ও সংবর্ধিত করেন। অনুষ্ঠানে মনিপুরের পক্ষে অধ্যাপক জি ওয়াইকম, মেঘালয়ের পক্ষে মেরিয়াম সায়েদ এবং ত্রিপুরার পক্ষে অধ্যাপক সোমদেব বনিক বক্তব্য রাখেন।

*****************************

**Statehood Day :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন পূর্ণ রাজ্য দিবসের মর্যাদা পাওয়ার জন্য যারা নিরলস ভাবে কাজ করে গেছেন, আজ তাদের স্মরণ করার দিন। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আজ ত্রিপুরা পূর্ণ রাজ্য

দিবসের রাজ্য ভিত্তিক অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন নতুন ত্রিপুরা গড়ে তুলতে হলে সকলকে সঙ্ঘবদ্ধ হয়ে কাজ করতে হবে। তিনি বলেন ত্রিপুরায় একটি হেলথ ইউনিভার্সিটি গড়ে তোলার বিষয়ে আলোচনা চলছে। তিনি বলেন উত্তর পূর্বাঞ্চলের জাতি জনজাতির কৃষ্টি, সংস্কৃতি মিলিয়ে বিশ্বের দরবারে রাজ্য গুলি নিজেদের তুলে ধরেছে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা দ্রুত উন্নয়ন করছে, জিএসডিপি বৃদ্ধির ক্ষেত্রে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির মধ্যে উচ্চ স্থান অধিকার করছে এবং সুশাসনের মডেল হয়ে উঠছে। তিনি ত্রিপুরার সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের লক্ষ্যে দক্ষ পরিষেবা প্রদান নিশ্চিত করার জন্য প্রকল্পগুলি সময়মতো সম্পন্ন করা, মাথাপিছু আয় বৃদ্ধি করা এবং ই-গভর্নেন্সের মতো প্রযুক্তি ব্যবহারের ওপর জোর দেন। তিনি বলেন মাথাপিছু আয়ের দিক থেকে ত্রিপুরা বর্তমানে উত্তর-পূর্ব রাজ্যগুলির মধ্যে দ্বিতীয় স্থানে রয়েছে। মুখ্যমন্ত্রী কৃষি, স্বাস্থ্য, শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে রাজ্যকে উল্লেখযোগ্য সাফল্যের কথা তুলে ধরেন।

######Byte-CM#######

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, পুলিশের মহা নির্দেশক অনুরাগ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব পি কে চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রাজ্য নাগরিক পুরস্কারের মধ্যে ত্রিপুরা বিভূষণ সম্মান প্রদান করা হয় প্রয়াত শিক্ষাবিদ ধীরেন্দ্র চন্দ্র দত্তকে, ত্রিপুরা ভূষণ সম্মান প্রদান করা হয় রাজ্য বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনকে।

তাছাড়া বিশিষ্ট চিত্রনাট্য লেখক বিপ্লব গোস্বামীকে শচীন দেববর্মণ স্মৃতি রাজ্য সম্মান, বিশিষ্ট লোকশিল্পী সূর্য কুমার দেববর্মাকে, মহারাণী কাঞ্চনপ্রভা দেবী স্মৃতি রাজ্য সম্মান এবং বিজ্ঞান ও পরিবেশ সংক্রান্ত কার্যাবলির জন্য নাগরিক পুরস্কার প্রদান করা হয় বীরবিক্রম মেমোরিয়াল কলেজের অ্যাসোসিয়েট প্রফেসর ড. অরিজিৎ দাসকে। স্টার্টআপ, বায়োটেকনোলজি, মৎস্য চাষ, পশুপালন, হস্তত‍াঁত ও হস্তকারু, মৌমাছি পালন, ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজ ইত্যাদি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য, শ্রেষ্ঠ কো-অপারেটিভ সোসাইটি হিসেবে গোমতী জেলার তুলামুড়া প্যাকস লিমিটেড, শ্রেষ্ঠ শিক্ষাবিদ

হিসেবে বিলোনীয়ার লক্ষ্মণ মালাকারকে এবং শ্রেষ্ঠ ক্রীড়াবিদ হিসেবে নতুননগরের শ্রীপর্ণা দেবনাথকে পুরস্কার প্রদান করা হয়। তাছাড়া পূর্ণ রাজ্য দিবস উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করা হয়।

**************************

**SHD, South :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে দক্ষিণ জেলা প্রশাসন আয়োজিত ৫৫ তম পূর্নরাজ্য দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন। শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রাক্তন উপাধ্যক্ষ গৌরীশংকর রিয়াং সহ ৪ জন প্রবীন নাগরিককে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

*************************

**SHD Dhalai :**

বিধায়ক মনোজ কান্তি দেব আজ ধলাই জেলায়, কমলপুর নজরুল ভবনে পূর্ণ রাজ্য দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক বিদ্যামোহন জমাতিয়া।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Atal Pension Yojana :**

কেন্দ্রীয় সরকার আজ ২০৩০-৩১ সাল পর্যন্ত অটল পেনশন যোজনা অব্যাহত রাখার অনুমোদন দিয়েছে, পাশাপাশি প্রচারমূলক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের জন্য তহবিল সহায়তা সম্প্রসারণের অনুমোদন দিয়েছে। অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের বার্ধক্যকালীন আয়ের সুরক্ষা প্রদানের লক্ষ্যে ২০১৫ সালের মে মাসে এই প্রকল্পটি চালু করা হয়েছিল। আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই প্রকল্পের আওতায় এখন পর্যন্ত আট কোটি ৬৬ লক্ষেরও বেশি গ্রাহক তালিকাভুক্ত হয়েছেন। কেন্দ্রীয় মন্ত্রিসভা ভারতের ক্ষুদ্র শিল্প উন্নয়ন ব্যাংক, SIDBI কে পাঁচ হাজার কোটি টাকার ইক্যুইটি সহায়তা অনুমোদন করেছে।

***************************

**Voice Over-Agartala-Sabroom Railway Project-Pragati :**

ভৌগলিকভাবে তিনপাশে আন্তর্জাতিক সীমানা এবং সমস্যাসংকুল জাতীয় সড়কের যোগসূত্রযুক্ত ত্রিপুরার জন্য বাধাহীন রেলযোগাযোগের স্বপ্ন পূরণ ছিল আশীর্বাদের মতো। এর আওতায় ২০১৯-এ সম্পন্ন হওয়া ৫১৩৮ কোটিরও বেশি টাকার সেই আগরতলা-সাব্রুম রেল প্রকল্পই যেন আজ পূর্ণ রাজ্য দিবস উদযাপনের পর্বে প্রধানমন্ত্রীর তত্ত্বাবধানে চলা 'প্রগতি প্রকল্পে'র পর্যালোচনায় অন্যতম বাস্তবায়িত নিদর্শন। একটি প্রতিবেদন।

######VC#####

******************************

**SHD, Khowai :**

খোয়াই নুতন টাউন হলে পূর্ণ রাজ্য দিবসের অনুষ্ঠানে বিধায়ক পিনাকী দাস চৌধুরী, অতিরিক্ত জেলা শাসক অভেদানন্দ বৈদ্য, জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দীলিপ কুমার দেববর্মা, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা, দশরথ দেব মেমোরিয়াল কলেজের অধ্যাপক পঙ্কজ চক্রবর্তী সহ অন্যান্য অতিথিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের মধ্যে ক্যুইজ এবং বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

****************************

**SHD, UNAKOTI :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে এক বর্ণাঢ্য শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। পরে স্থানীয় ঊনকোটি কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা ও আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতার অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে জেলাশাসক ডক্টর তমাল মজুমদার, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিদ্যালয় শিক্ষা দপ্তরের উপ-অধিকর্তা রাজেশ দেববর্মা প্রমুখ বক্তব্য রাখেন।

*****************************

**SHD, Sepahijala :**

সিপাহীজলা জেলার সোনামুড়ায় সোনামুড়া টাউন হলে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবসের অনুষ্ঠানে সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস- চেয়ারপার্সন শাহজাহান মিয়া, জিলা পরিষদ সদস্য প্রসেনজিৎ ঘোষ, ডিজিএম প্রবীর সাহা সহ তথ্য সংস্কৃতি দপ্তর ও বিভিন্ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। এই উপলক্ষে ট্যাবলো সহ শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। ছাত্র-ছাত্রীদের জন্য উন্মুক্ত কুইজ ও সাইকেল রেলি আয়োজিত হয়।

****************************

**SHD, Gomati :**

গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় জেলাভিত্তিক পূর্ণ রাজ্য দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন।অনুষ্ঠানে বক্তব্য রাখেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, জেলাশাসক রিঙ্কু লাথের ও অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য। অনুষ্ঠানে রাজ্যের সার্বিক উন্নয়নের একটি তথ্যচিত্র তুলে ধরা হয়। উপস্থিত ছাত্র ছাত্রীদের মধ্যে মুক্ত কুইজেরও আয়োজন করা হয়। অমরপুর মহকুমায় প্রতিযোগিতামূলক বর্ণাঢ্য র‍্যালী, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয় ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস। স্থানীয় রেড ষ্টার ক্লাব মুক্ত মঞ্চে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুচিত্রা দাস, অমরপুর বিএসসির চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, অমরপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারম্যান শংকরানন্দ সাহা, অমরপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারপারসন বীণা রাণী পাল, অমরপুর মহকুমা শাসক অনুপম চক্রবর্তী প্রমুখ।

*****************************

**SHD, North :**

উত্তর ত্রিপুরা জেলায় ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে পূর্ণরাজ্য দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্যুইজ প্রতিযোগিতা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রানী দাস সেন, জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপ-পরিচালক রিপন চাকমা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

**************************

**Ranji Trophy :**

ত্রিপুরা ও উত্তরাখণ্ডের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে সকাল ৯টা থেকে খেলা শুরু হবে। এটি উভয় দলের ষষ্ঠ ম্যাচ। আর আগের পাঁচটি ম্যাচে

রাজ্যদল ছয় পয়েন্ট নিয়ে সপ্তম স্থান রয়েছে। অপরদিকে সফরকারী উত্তরাখণ্ড ১৬ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে রয়েছে।

****************************************

**Padmajung Football :**

ঐতিহ্যবাহী জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্ট আগামী একত্রিশে জানুয়ারি, কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে শুরু হবে। টুর্ণামেন্টে রাজ্য-বর্হিরাজ্যের মোট ষোলটি খ্যাতনামা ফুটবল দল অংশ নেবে। চ্যাম্পিয়ন দল পাঁচ লক্ষ টাকা এবং রানার্স দল তিন লক্ষ টাকা প্রাইজমানি পাবে। আজ কৈলাশহরের ক্রীড়া দপ্তরে, সাংবাদিক সম্মেলনে টুর্ণামেন্ট কমিটির চেয়ারম্যান অরুণ সাহা ও সাংগঠনিক সচিব পিন্টু ঘোষ টুর্নামেন্টের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

***********************************